গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নড়িয়া, শরীয়তপুর।
www.naria.shariatpur.gov.bd

স্মারক নম্বর: ০৫.৩০.৮৬৬৫.০০০.০৯.০১২.২৪-৬০

তারিখ : ০৬ মাঘ ১৪৩০ / ২০ জানুয়ারি ২০২৪

জলমহাল ইজারার জন্য অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি/মৎস্যজীবী সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নড়িয়া উপজেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন ২০.০০ একর পর্যন্ত বদ্ধ জলমহালসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর আলোকে ১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দ সন মেয়াদে ইজারা/বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে সরকার আরোপিত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/প্রকৃত জেলে/যুব সমিতির নিকট হতে নির্ধারিত ফরমে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে।

০২। জলমহাল ইজারা কার্যক্রম অংশগ্রহনের লক্ষ্যে jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করা যাবে। তাছাড়া জলমহালের আবেদন আহবান বিজ্ঞপ্তি www.naria.shariatpur.gov.bd ওয়েব সাইটেও পাওয়া যাবে। ইজারাযোগ্য জলমহালের সিডিউল ও শর্তাবলী নিম্নরূপ:

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একর পর্যন্ত (বদ্ধ) সরকারি জলমহাল ব্যবস্থাপনা সিডিউল

ক্রম.	অনলাইনে আবেদন দাখিলের সময়কাল	গৃহীত কার্যক্রম
০১।	১৪৩০ বঙ্গাব্দের ০৯ মাঘ হতে ০৩ ফাল্গুনের মধ্যে (২৩-০১-২০২৪ হতে ১৬-০২-২০২৪ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত)	jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল।
০২।	১৪৩০ বঙ্গাব্দের ০৪ ফাল্গুন হতে পরবর্তী ০৩ (তিন) কার্যদিবস (১৭-০২-২০২৪ হতে পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের অফিস চলাকালীন সময় পর্যন্ত)	অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালাকৃত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

১৪৩১ হতে ১৪৩৩ বঙ্গাব্দের জন্য ইজারাযোগ্য জলমহালের তালিকা

ক্রম.	জলমহালের নাম	মৌজা	পরিমাণ	সরকারি ইজারা মূল্য	মন্তব্য
০১।	লোনসিংহ মৌজার খাস পুকুর	৬৫ নং লোনসিংহ	১.২০ একর	৬০,০০০/-	

শর্তাবলী

০১। জলমহালসমূহ কেবল নিবন্ধিত (সমবায়/সমাজসেবা অধিদপ্তর) কার্ডধারী প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির অনুকূলে ইজারা দেয়া হবে। তবে এক্ষেত্রে যুব মৎস্যজীবীদের (১৮-৩৫ বৎসর) নিবন্ধিত সমিতি অগ্রাধিকার পাবে। কোন অবস্থাতেই ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবে না।

০২। অনলাইনে আবেদন দাখিলের ক্ষেত্রে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর 'পরিশিষ্ট-ক' এ উল্লিখিত নির্ধারিত আবেদন ফরম পূরণ করে আবেদন দাখিল করতে হবে। আবেদন ফরম বাবদ উপজেলা নির্বাহী অফিসার, নড়িয়া, শরীয়তপুর এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মূল কপি প্রিন্টেড কপির সাথে যুক্ত করে দাখিল করতে হবে।

০৩। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবীদের সমিতি যা সমবায় অধিদপ্তরের নিবন্ধিত, সে সমিতি বা সমিতিসমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে। কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবেন না। উক্ত সমিতিতে প্রকৃত মৎস্যজীবী ব্যতীত অন্য কোন সদস্য থাকলে বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নন তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবে না। আরো শর্ত থাকে যে, প্রকৃত মৎস্যজীবীদের সমিতি যা সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত, যেখানে প্রকৃত মৎস্যজীবী ছাড়া অন্য কোন সদস্য নেই, তারাও আবেদন করতে পারবেন।

০৪। আবেদনকারী কোন মৎস্যজীবী সংগঠন/সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন, যিনি প্রকৃত মৎস্যজীবী নন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবে। এছাড়া আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমাণ স্বরূপ জেলা/উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা (যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়নপত্র এবং সাথে বিগত ০২(দুই) বছরের অডিট রিপোর্ট আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। তবে নতুন সংগঠনের/সমিতির জন্য অডিট রিপোর্টের প্রয়োজন হবে না।

০৫। সময়মত লিজমানি পরিশোধ না করা, তথ্য গোপন করা কিংবা অন্য কোন অনিয়মের কারণে কোন জলমহালের লিজ বাতিল করা হলে জেলা জলমহাল ব্যবস্থপনা কমিটি উক্ত জলমহাল পুনরায় যথা নিয়মে লিজ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

০৬। নির্দিষ্ট ফরমে আবেদনপত্র দাখিলের সময় আবেদনের সাথে সমিতির রেজিস্ট্রেশন নম্বর ও তারিখ, সমিতির কার্যবিবরনী, অডিট রিপোর্ট, টিআইএন নম্বর, প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি তাদের সদস্যদের নামের তালিকা, ঠিকানা ও ছবিসহ সংযুক্ত করতে হবে।

০৭। এই নীতিতে উল্লিখিত সংজ্ঞা ও যোগ্যতা অনুযায়ী আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি বা সমিতিকে জেলা/উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সদস্য সচিবের সিল সম্বলিত স্বাক্ষরসহ নির্দিষ্ট ফরমে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে। এছাড়া সংশ্লিষ্ট মৎস্যজীবী সংগঠন/সমিতিকে ৩(তিন) বছর মেয়াদিলিজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহাল এর মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপরেখা সংযুক্ত করতে হবে। আবেদন অসম্পূর্ণ থাকলে তা বাতিলযোগ্য হবে।

০৮। মৎস্যজীবী সংগঠন/সমিতিকে যাচাই-বাছাইয়ের ক্ষেত্রে উক্ত সংগঠন/সমিতি এর কোন জঙ্গি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারা মূল্য পরিশোধে খেলাপি হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতিকে উক্ত জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে না।

Scanned with CamScanner

০৯। জলমহাল ইজারা গ্রহণে আগ্রহী সমিতি/সংগঠনকে সরেজমিন জলমহালের বাস্তব অবস্থা সম্পর্কে অবহিত হয়ে ইজারা কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে। ভবিষ্যতে এতদসংক্রান্ত কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১০। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী দাখিলকৃত দরের ২০% জামানত বাবদ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, নড়িয়া, শরীয়তপুর এর অনুকূলে যে কোন তফসীল ব্যাংক হতে দরপত্রের সাথে জমা প্রদান করতে হবে। দাখিলকৃত জামানতের অর্থ তৃতীয় বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে।

১১। দরপত্রে দাখিলকৃত দরের ১ম (প্রথম) বছরের ইজারা মূল্য অথবা সম্পূর্ণ অর্থ ইজারা প্রাপ্তির (ঘোষণার) ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত অর্থ ১/৪৬৩১/০০০০/১২৬১ নং কোডে জমা প্রদান পূর্বক চালানের মূল কপি অত্র অফিসে দাখিল করতে হবে এবং ৩০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তি সম্পাদনপূর্বক সংশ্লিষ্ট ইজারাদারকে পুকুর/দিঘী দখল বুঝিয়ে দেয়া হবে। ২য় ও ৩য় বছরের ইজারা মূল্য পূর্ববর্তী বছর শেষ হওয়ার পূর্বে অর্থাৎ চৈত্র মাসের মধ্যে অবশ্যই পরিশোধ করতে হবে। অন্যথায় জমাকৃত জামানতের অর্থ বাজেয়াপ্ত করা হবে এবং চুক্তিপত্র বাতিল বলিয়া গণ্য হবে।

১২। দাখিলকৃত দরের ১০% আয়কর, ১৫% মূল্য সংযোজন কর ও সরকার কর্তৃক আরোপিত অন্যান্য করের অর্থ সংশ্লিষ্ট কোডে জমা প্রদানপূর্বক চালানের মূল কপি এ অফিসে দাখিল করতে হবে। সর্বোচ্চ দরদাতাকে ১৪৩১-১৪৩৩ বাংলা সন পর্যন্ত ০৩(তিন) বছর সময়ের জন্য জলাশয়টি ইজারা প্রদান করা হবে।

১৩। প্রতিটি জলাশয়ের জন্য পৃথক পৃথক দরপত্র দাখিল করতে হবে এবং দরপত্রে কোন কাটাকাটি, ঘষামাজা করা যাবে না ও দরপত্রে উল্লেখিত দর স্পষ্টক্ষরে অংকে ও কথায় লিখতে হবে। অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ দরপত্র বাতিল বলিয়া গণ্য হবে। এই ব্যাপারে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৪। ইজারা গ্রহণকারী কোনক্রমে ইজারা প্রাপ্ত পুকুর/দীঘি সাব-ইজারা দিতে পারবেন না। সাব-ইজারা প্রদান করলে স্বয়ংক্রিয়ভাবে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৫। পুকুর/দীঘি সমূহের দরপত্রের বিষয়ে কারো কোন তথ্য জানার থাকলে অফিস চলাকালীন সময়ে অত্র কার্যালয় হতে জানা যাবে।

১৬। ইজারাদার কর্তৃক চুক্তির কোন শর্ত লঙ্ঘন করা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং ইজারাদারের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৭। সময়মত লিজমানি পরিশোধ না করা, তথ্য গোপন করা কিংবা অন্য কোন অনিয়মের কারণে কোন জলমহালের লিজ বাতিল করা হলে জেলা জলমহাল ব্যবস্থপনা কমিটি উক্ত জলমহাল পুনরায় যথা নিয়মে লিজ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

১৮। দরপত্র বিজ্ঞপ্তিতে যে সকল বিধান/শর্তাবলী বর্ণিত নেই কিন্তু সরকারিভাবে অন্য কোন আইন, বিধি, অধ্যাদেশ, পরিপত্র ইত্যাদিতে উল্লেখিত আছে যে সকল আইন, বিধি, আদেশ, বিধান ও শর্তাবলী ইজারাদারগণ মেনে চলতে বাধ্য থাকবেন।

১৯। কর্তৃপক্ষের কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৯.০১.২৪

(শংকর চন্দ্র বৈদ্য)
উপজেলা নির্বাহী অফিসার ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
নড়িয়া, শরীয়তপুর।

স্মারক নম্বর: ০৫.৩০.৮৬৬৫.০০০.০৯.০১২.২৪- ৬০(৫০)

তারিখ: ১৫ মাঘ ১৪৩০ / ২৯ জানুয়ারি ২০২৪

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। জনাব এ কে এম এনামুল হক শামীম, মাননীয় সংসদ সদস্য, ২২২, শরীয়তপুর-২ ও উপদেষ্টা, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, নড়িয়া, শরীয়তপুর।
০২। জেলা প্রশাসক, শরীয়তপুর।
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), শরীয়তপুর।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়িয়া ও উপদেষ্টা, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, নড়িয়া, শরীয়তপুর।
০৫। মেয়র, নড়িয়া পৌরসভা, শরীয়তপুর।
০৬। সহকারী কমিশনার (ভূমি), নড়িয়া, শরীয়তপুর।
০৭। অফিসার ইন-চার্জ, নড়িয়া থানা, শরীয়তপুর।
০৮। উপজেলা .... কর্মকর্তা, নড়িয়া, শরীয়তপুর।
০৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, নড়িয়া পৌর ভূমি অফিস, শরীয়তপুর।
১০। সভাপতি/সম্পাদক, ...।
১১। সম্পাদক, দৈনিক রুদ্রবার্তা, শরীয়তপুর (বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় ০১ (এক) দিনের জন্য বহুল প্রচারের নিমিত্তে আগামী .... তারিখের মধ্যে ভিতরের পাতায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
১২। জনাব ....।
১৩। অফিস কপি/নোটিশ বোর্ড।

২৯/০১/২৪
(মো: পারভেজ)
সহকারী কমিশনার (ভূমি) ও
সদস্য-সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
নড়িয়া, শরীয়তপুর।

CS Scanned with CamScanner